

কুড়িগ্রামে প্রাথমিক বিদ্যালয়ের দুই শতাধিক ভবন ঝুঁকিপূর্ণ

রাজশাহী, কুড়িগ্রাম : ৯ উপজেলায় এক হাজার দুইশ ২৭টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে প্রায় দুই শতাধিক ঝুঁকিপূর্ণ ভবনে চলছে পাঠদান কার্যক্রম। দীর্ঘদিন ধরে বিদ্যালয় ভবন নির্মাণ বা মেরামতের জন্য উপজেলা ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসে আবেদন করেও কোন কাজ হচ্ছে না বলে অভিযোগ করেন সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষক ও ম্যানেজিং কমিটির সদস্যরা।

দ্রুত এসব ঝুঁকিপূর্ণ ভবন মেরামত অথবা নতুন ভবন নির্মাণ করে শিক্ষার্থীদের পাঠদানের ব্যবস্থা করা না হলে প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা করছেন শিক্ষক ও অভিভাবকরা। উলিপুর উপজেলার পাড়ুল ইউনিয়নের বড় মহিষমুড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, দুইটি ভবনের মধ্যে একটি ভবনের বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে। এক মাস ধরে ওই ভবনে ফাটলের পাশাপাশি পলেন্ডরা খসে পড়ছে। এরই মধ্যে ভবনের ছাদের দুইটি বীম ধসে পড়ায় আতঙ্কিত হয়ে পড়ে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা।



কুড়িগ্রাম : উলিপুর উপজেলার পাড়ুল ইউনিয়নের বড় মহিষমুড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অফিস রুমের খসে পড়া ছাদ, ডানে-খোলা আকাশের নিচে চলছে পরীক্ষা -জনকণ্ঠ